# দেশ নির্বাচনের জন্য প্রস্তুত, রাজনৈতিক স্থিতিশীলতা ফিরে এসেছে : প্রধান উপদেষ্টা




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জানিয়েছেন, এক বছর আগে হত্যাযজ্ঞ ও গণঅভ্যুত্থানের পর দেশ বর্তমানে স্থিতিশীল। ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচন আয়োজন করে অন্তর্বর্তী সরকার ক্ষমতা হস্তান্তর করবে।

কক্সবাজারে সোমবার (২৫ আগস্ট) রোহিঙ্গা অংশীজন সংলাপের উদ্বোধনী অনুষ্ঠানে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেন, “আমরা এক বছরের চরম সহিংসতার পর রাজনৈতিক স্থিতিশীলতায় পৌঁছেছি। ছাত্র নেতৃত্বাধীন গণঅভ্যুত্থানের মাধ্যমে ফ্যাসিবাদী শাসন থেকে দেশকে মুক্ত করা সম্ভব হয়েছে।”

তিনি জানান, আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠিত হবে, যা অন্তর্বর্তী সরকারের দায়িত্ব শেষ করে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে সম্পন্ন হবে।

রোহিঙ্গা সংকট সমাধানে কক্সবাজারে তিন দিনব্যাপী আন্তর্জাতিক সংলাপ “স্টেকহোল্ডার্স’ ডায়ালগ” শুরু হয়েছে। উদ্বোধনী বক্তৃতায় অধ্যাপক ইউনূস সাত দফা প্রস্তাব তুলে ধরেন এবং আন্তর্জাতিক সম্প্রদায়কে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। তিনি বলেন, “রোহিঙ্গাদের ওপর চলমান নিপীড়ন ও বাস্তুচ্যুতি বন্ধ করতে এখনই পদক্ষেপ নেওয়া প্রয়োজন

LENS ASIA